

## ইভটেজিং

উজ্জল কুমার দে (আইসিটি শিক্ষক)  
করিমুন্নেছা বালিকা মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুর।

বিধাতার সৃষ্টির সেরা জীব বলে  
দাবি করে থাকি আমরা মানুষ।  
আমাদের মধ্যে আছে আবার  
দু'টি জাত নারী ও পুরুষ।  
সে যুগের মত নারীরা  
আজ আর নেই তো পিছিয়ে।  
অন্ধকার কুটির ছেড়ে  
এসেছে আলোর এপথে।  
তাদের স্বকিয় মেধা মনন প্রজ্ঞা দিয়ে।  
পুরুষের সাথে কাজ করে তারা  
সমানে সমান সর্বস্তরে।  
এই আধুনিক বিশ্বের জন্ম দিয়েছে  
তিলে তিলে প্রগতিশীল কাজে  
নারী ও পুরুষ মিলে।  
এই নারী-ই তোমার আমার  
ভগ্নি, জননী বা আত্মিয়া স্বজন।  
তাই পথে ঘাটে, শিক্ষাজ্ঞান কিংবা কর্মস্থলে  
তোমরা পুরুষ না না করোনা ইভটেজিং।  
বিবেকহীন পশুর মতো  
আদিম পৈচাষিক নিতন করে  
অনেকে আবার পৌরষ জাহির করে।  
আসলে ওরা মানুষ নয়  
মানুষ রূপি জানোয়ারের সদৃশ।  
কাপুরুষের মত অভিশপ্ত  
এ্যাসিড ছুঁড়ে দিওনা।  
ওদের আছে অনন্ত সম্ভাবনা-ময় সোনালী স্বপ্ন।  
যা এপৃথিবীকে দিতে পাড়ে উপহার  
এক নতুন দিগন্ত।  
তোমার মূহর্তের ভুলে  
অদম্য পশুত্বের ছোবলে  
অন্ধকারে ঢেকে দিওনা  
নারীর স্বপ্নিল ভূবন।